ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪১৮

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'মাতাবাড়ি মন্দির চত্বর ভিড়ে অর্থ লুটছে অসাধু ব্যবসায়ীরা, অস্বাস্থ্যকর পরিবেশে পচা ও বাসি খাবার কিছু হোটেলে নির্বিকার প্রশাসন,' এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ২২ অক্টোবর ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে গোমতী জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, গোমতী জেলার ফুড সেফটি টিমও এনফোর্সমেন্ট টিমের (যেখানে স্বাস্থ্য, খাদ্য, লিগ্যাল মেট্রোলজি, শ্রম ইত্যাদি বিভাগের কর্মকর্তারা অন্তর্ভুক্ত) যৌথ উদ্যোগে গত ২০, ২১ ও ২২ অক্টোবর, ২০২৫ মাতাবাড়ি এলাকা পরিদর্শন করেন। তাঁরা দীপাবলি মেলার সময় মাতাবাড়ি এলাকার সমস্ত অস্থায়ী এবং স্থায়ী খাদ্য বিক্রেতাদের দোকান পরিদর্শন করেন। পরিদর্শনকালে খাদ্যের নমুনা সংগ্রহ ও মোবাইল ফুড টেস্টিং ভ্যানে পরীক্ষা, বাসি ও মেয়াদোত্তীর্ণ খাবার ধ্বংস, খাদ্য ব্যবসা পরিচালকদেরকে সতর্কীকরণ, খাদ্য নিরাপত্তার মৌলিক নির্দেশিকা অনুসরণ না করার পরিণতি সম্পর্কে সচেতনতা প্রদান এবং যেখানে গুরুতর লঙ্ঘন ধরা পড়েছে সেই খাদ্য ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে নোটিশ জারি করার মতো পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট দিনে মোট তিনজন খাদ্য ব্যবসায়ীর বিরুদ্ধে নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়াও, গোমতী জেলার ফুড সেফটি টিম ও এনফোর্সমেন্ট টিমের যৌথ উদ্যোগে জয় গোবিন্দ হোটেল এবং গেস্ট হাউসটিও পরিদর্শন করা হয়েছে। উক্ত হোটেল পরিদর্শনের সময় কোনও রকম গুরুতর লঙ্ঘন ধরা পড়েনি।

*****